

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৫. যে ব্যক্তি প্রসিদ্ধি ও পরিচিতিকে অপছন্দ করে

بَابُ مَنْ كَرِهَ الشُّهْرَةَ وَالْمَعْرِفَةَ

## আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ عُمَارَةَ بْنِ غَزِيَّةَ عَنْ يَحْيَى بْنِ رَاشِدٍ حَدَّثَنِي فُلَانُ الْعُرَنِيُّ عَنْ مُعَاذِ بْنِ جَبَلِ قَالَ لَا يَدَعُ اللَّهُ الْعِبَادَ يَوْمَ الْقِيَامَةِ يَوْمَ يَقُومُ الْقَلَانُ الْعُرَنِيُّ عَنْ مُعَاذِ بْنِ جَبَلِ قَالَ لَا يَدَعُ اللَّهُ الْعِبَادَ يَوْمَ الْقِيَامَةِ يَوْمَ يَقُومُ الْقَيَامَةِ يَوْمَ يَقُومُ الْقَيَامَةِ يَوْمَ يَقُومُ الْقَيَامَةِ يَوْمَ يَقُومُ الْقَيَامَةِ عَنْ أَرْبَعٍ عَمَّا أَفْنَوْا فِيهِ أَعْمَارَهُمْ وَعَمَّا أَبْلُوا فِيهِ أَجْسَادَهُمْ وَعَمَّا كَسَبُوا فِيمَا أَنْفَقُوا وَعَمَّا عَمِلُوا فِيمَا عَلِمُوا

إسناده ضعيف فيه جهالة

## বাংলা

৫৫৫. মু'য়ায ইবনু জাবাল রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: কিয়ামত দিবসে যেদিন মানুষ বিশ্ব জগতের প্রতিপালকের সম্মুখে দণ্ডায়মান হবে, সেদিন আল্লাহ বান্দাদেরকে ততক্ষণ পর্যন্ত ছাড়বেন না, যতক্ষণ না তাদেরকে চারটি ব্যাপারে জিজ্ঞেস করবেন: কোন্ কাজে তারা তাদের জীবন অতিবাহিত করেছে, তাদের দেহগুলিকে কোন্ কাজের মধ্য দিয়ে তারা জীর্ণ করেছে, তারা কী উপার্জন করেছে আর কোন্ কাজে তা ব্যয় করেছে. আর তাদের ইলম অনুযায়ী কতটুকু আমল করেছে ।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, এতে অজ্ঞাত পরিচয় রাবী রয়েছে। পরের টীকাটি দেখুন।

তাখরীজ: (মুহাক্রিক্ক এর কোনো তাখরীজ করেননি- অনুবাদক)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন